গাংনীতে নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্র চালু

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির তত্বাবধানে ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অর্থায়নে কীটনাশকমুক্ত সাক সবজি মানুষের মাঝে ন্যায্যমুল্যে ক্রয় বিক্রয় করনের লক্ষ্যে মেহেরপুরের গাংনীতে নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্রে চালু করা হয়েছে।

আজ (২০ জানুয়ারী) বৃহস্পতিবার বেলা ১১ টার সময় গাংনী হাসপাতাল বাজারে নিরাপদ সাক সবজি বিক্রয় কেন্দ্রের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

উদ্বোধনী অনুষ্ঠানে গাংনী উপজেলা কুষি কর্মকর্তা লাভলী খাতুন, পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতির নির্বাহী পরিচালক মহাম্মদ মোশারফ হোসেনসহ বাজারের ব্যাবসায়ী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বর্তমানে কীটনাশক ও রাসায়নিক সারের অবাধ ব্যাবহারে নিরাপদ সবজি পাওয়া মুশকিল। মেহেরপুরের মানুৃষ যাতে কীটনাশক ও রোগমুক্ত সাক সবজি পেতে পারে এজন্যই নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্রটি গুরুত্বপুর্ণ ভূমিকা রাখবে বলে অভিমত ব্যাক্ত করেন অতিথিবৃন্দরা বিক্রয় কেন্দ্রে লাউ, কুচা, পুইশাক, আলু, বেগুন, করলা, ঝিঙ্গা, পটল, কলা, মুলা, বরবটি, টমেটো, চিচিংঙ্গা, সিম, কুমড়া, ফুলকপি ও বাধাকপি, সশা, গাজরসহ বিভিন্ন সবজি ন্যায্যমূল্যে বিক্রি কার্যক্রম শুরু হয়। কীটনাশক ও রাসায়নিক সার মুক্ত সবজি কিনতে এসে ক্রেতারা সন্তোষ প্রকাশ করেন।

উদ্বোধন কালে বক্তারা বলেন, বর্তমানে উচ্চ মাত্রায় ক্ষতিকর রাসায়নিক বালাইনাশক ও সার ব্যবহার করে উৎপাদিত শাক-সবজি খাওয়ার কারণে মানবদেহে চর্মরোগ, প্রতিবন্ধিতা, বন্ধাত্ব, ক্যান্সার, হৃদরোগ, খিঁচুনি, উচ্চ রক্তচাপসহ আরো অনেক সমস্যার সৃষ্টি হচ্ছে। আবার কোন কোন বালাইনাশকের অবশিষ্টাংশের প্রভাবে শরীরে বেশি দিন থাকে যা শরীরের বিভিন্ন অঙ্গে লিভার,কিডনি, রক্ত ও চার্বিতে জমা হয়। ফলে নানা ধরণের রোগ দেখা দেয়। নিরাপদ সবজি যে সকল শাক-সবজি মানুষের শরীরের জন্য নিরাপদ, রোগ-জিবাণু ও বিষমুক্ত। প্রতিদিন আমরা যেসব শাক সবজি খাচ্ছি তা আমাদের স্বাস্থ্যের জন্য কতটা নিরাপদ? শাক-সবজি চাষে জৈব সার, সবুজ সার

, খামারজাত সার বেশি পরিমানে ব্যবহার করা। রাসায়নিক বালাইনাশকের পরিবর্তে জৈব বালাইনাশক ও পোকা দমনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ, রঙ্গিন আঠালো ফাঁদ ও বিষটোপ ব্যবহার সাক সবজি উৎপাদন করতে চাষিদের উদ্বুদ্ধ করণ ও ক্রেতাদের িনোপদ সবজি কেনা বেচার নির্দিষ্ট স্থানের বড়ই অভাব। এসব কথা ভেবেই মানুষকে শাক সবজি খাওয়া উচিৎ। শাক-সবজিতে বালাইনাশক ব্যবহার নিষিদ্ধ নয়। কিন্তু তা প্রয়োগের পর একটা নির্দিষ্ট সময় পর্যন্ত অপেক্ষা করলে বিষাক্ত উপাদানের প্রভাব কমে যায়। তখন সবজি গ্রহন অনেকটা নিরাপদ ও ঝুঁকিমুক্ত হয়।

গাংনীতে অবৈধ কারখানার সন্ধান, মালিকের জরিমানা

মেহেরপুরের গাংনী পৌর এলাকার একটি ভাড়া বাড়িতে কারখানা চালু করে বিএসটিআই থেকে একটি পণ্যের অনুমোদন নিয়ে তৈরী করছেন ১৭টি পণ্য। এ অপরাধে ভোক্ত অধিকার ও সংরক্ষণ আইনে কারখানা মালিক আসাদুল ইসলামকে ৫০ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাসের কারাদণ্ডের আদেশ দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ মঙ্গলবার দুপুরে এ অভিযান পরিচালনা করেন মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশানার নির্বাহী ম্যাজিস্ট্রেট মাশতুরা আমিনা। দণ্ডপ্রাপ্ত আসাদুল ইসলাম গাংনী উপজেরার গোপালনগর গ্রামের মৃত ফজলুল হকের ছেলে।

জানা গেছে, আসাদুল ইসলাম গাংনী পৌর এলকার রাবেয়া মঞ্জিলের নিচতলা ভাড়া নিয়ে কারখানা গড়ে তোলেন। সেখানে ডিটারজেন্ট পাওডার তৈরীর জন্য বিএসটিআই অনুমোদন নিয়ে এর আড়ালে তিনি তৈরী করছেন টয়লেট ক্লিনার, গ্লাস ক্লিনার, ডিস ওয়াশ ও ফ্লোর ওয়াশসহ বিভিন্ন প্রকার ১৭টি পন্য। গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে কারখানায় অভিযান চালায়।

পরে প্রশাসনকে জানানো হলে মেহেরপুর জেলা প্রশাসনের সহকারি কমিশনার মাসতুরা আমিনা ঘটনাস্থলে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে কারখানা মালিক আসাদুল ইসলামকে ভোক্তা অধিকার আইনে দোষী সাব্যস্ত করে ৫০ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাসের কারাদণ্ডাদেশ দেন।

নির্বাহী ম্যাজিস্ট্রেট মাসতুরা আমিনা বলেন, গাংনীতে অনমোদনহীন ১৭টি পণ্য তৈরীর অপরাধ প্রমাণিত হওয়ায় কারখানামলিক কে ৫০ হাজার টাকা জরিমানা করা হয় এবং অনুমোদনবিহীন উৎপাদিত পণ্য জব্দ করা হয়েছে।
অভিযানে মেহেরপুর ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী ও গাংনী থানা পুলিশের একটি টীম উপস্থিত ছিলেন।

গাংনীতে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত সেমিনার

গাংনীতে জিটুপি পদ্ধতিতে সামাজিক নিরাপত্তা বাস্তবায়ন সংক্রান্ত সেমিনার অনুষ্ঠিত হয়।

আজ সোমবার সকাল ১১টায় উপজেলা সভাকক্ষে সমাজ সেবা অফিসের আয়োজনে অনুষ্ঠিত সভার প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা মৌসুমী খানম।

উপজেলা সমাজ সেবা অফিসারের সভাপতিত্বে বক্তব্য রাখেন কাজী কাদের মোঃ ফজলে রাব্বী, উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, মেহেরপুর, এমপি প্রতিনধি মনিরুজ্জামান আতু,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ, শাহারবাটি ইউপি মশিউর রহমান, রাইপুর ইউপি গোলাম সাকলাযেন ছেপু, গাংনী প্রেস ক্লাবের সভাপতি সহকারী অধ্যাপক রমজান আলী, উপজেলা প্রেসক্লাব সভাপতি আমিরুল ইসলাম প্রমুখ।

সভায় বক্তারা বলেন, জিটুপি সিস্টেম এ ভাতা, সম্মানী,বৃত্তি ও উপবৃত্তিভোগীরা এখন সরাসরি বিকাশ অথবা নগদ এর মাধ্যমে টাকা

মোবাইল একাউন্টে টাকা পাবেন। সার্বিক উপস্থাপনায় ছিলেন কাজী আবুল মনছুর।

গাংনীর ভোলাডাঙ্গায় সরকারি জমিতে অবৈধ স্থাপনা উচ্ছেদ

মেহেরপুরের গাংনী উপজেলার ভোলাডাঙ্গা গ্রামে সরকারি জমি দখল করে অবৈধ ভাবে নির্মিত স্থাপনা উচ্ছেদ করেছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ সোমাবার দুপুরে এ উচ্ছেদ অভিযান চালান গাংনী উপজেলা সহকারি কমিশনার ভূমি নাজমুল আলম। একই সঙ্গে অবৈধ দখলদার আবুল হোসেনকে অফিসে তলব করা হয়েছে।

সুত্র জানায়, ভোলাডাঙ্গা গ্রামের মৃত সাহাজ উদ্দিনের ছেলে আবুল হোসেন ভোলাডাঙ্গা হাটের সরকারি জমির একাংশ দখল করে পাকা ঘর নির্মাণ করছিলেন। স্থানীয়দের অভিযোগের ভিত্তিতে উপজেলা সহকারি কমিশনার (ভূমি) ও পুলিশ সদস্যরা অবৈধ স্থাপনার বিষয়ে ঘটনাস্থলে গেলে আত্নগোপন করে দখলদার আবুল হোসেন। অনেক চেষ্টার পর মোবাইল ফোনের মাধ্যমে যোগাযোগ করেও ঘটনাস্থলে উপস্থিত না হওয়ায় আবুল হোসেনের অবৈধ স্থাপনা ভেঙ্গে দেয়া হয় এবং আবুল হোসেনকে অফিসে তলব করা হয়।

স্থাপনা উচ্ছেদ অভিযানে ষোলটাকা ইউনিয়ন ভ’মি কর্মকর্তা আব্দুল রহিম, উপজেলা সার্ভেয়ার আজগর আলী,হেমায়েতপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা উপস্থিত ছিলেন।

গাংনীতে ওয়েল্ডিং ব্যাবসায়ীর ১০ হাজার টাকা জরিমানা

লোহার তৈরি দরজা সরকারি রাস্তায় রেখে জনদুর্ভোগ সৃষ্টি করার অপরাধে জিল্লুর রহমান নামের এক ওয়েল্ডিং মালিকের দশ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

আজ সোমবার দুপুর ১২ টার সময় মেহেরপুরের গাংনীর ভোলাডাঙ্গা গ্রামে এ অভিযান পরিচালনা করেন গাংনী উপজেলা সহকারি কমিশনার(ভূমি) ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাজমুল আলম।

জিল্লুর রহমান গাংনী উপজেলার ভোলাডাঙ্গা গ্রামের মৃত পালান মালিথার ছেলে।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাজমুল আলম জানান, জন গুরুত্বপূণর্ সড়কের ওপর দির্ঘদিন যাবত লোহার তৈরি দরজা রেখে প্রদর্শনী করে আসছিলেন ওয়েল্ডিং ব্যাবসায়ী জিল্লুর রহমান। পথচারিদের অভিযোগের ভিত্তিতে ঘটনাস্থলে গিয়ে এর সত্যতা পাওয়ায় সড়ক পরিবহন আইন ২০১৮ এর ৯১/১১ ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

এসময় গাংনী থানা পুলিশের একটি টীম ভ্রাম্যমাণ আদলত পরিচালনা কাজে সহায়তা করেন।

গাংনীতে জোড়া খুনের আসামিদের ফাঁসির দাবিতে মানববন্ধন

মেহেরপুরেরর গাংনী উপজেলার লক্ষ্মীনারয়নপুর ধলা গ্রামের একই পরিবারের তিনভাইকে নৃশংসভাবে হত্যার ঘটনায় দৃষ্টান্তমুলক শাস্তির দাবীতে মানববন্ধন করেছে এলাকাবাসি ও নিহতের পরিবার।

বৃহস্পতিবার বিকেলে গাংনী উপজেলা পরিষদ চত্বরে মানববন্ধনের আয়োজন করেন এলকাবাসী ও নিহতের পরিবার। স্থানীয় ইউপি সদস্য আজমাইন হোসেন টুটুলের নেতৃত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন নিহত জাহারুল ইসলামের মেয়ে চম্পা আরা খাতুন, এলাকাবাসী কামরুজ্জামান পল্টু, দিপ্তি, এনামুল হক সহ স্থানীয়রা।

বক্তব্যে এলকাবাসী জনায়. ধলা গ্রামের আতিয়ার রহমান ও তার লোকজন একের পর এক একই পরিবারের এনামুল হক লইলো, জাহারুল ইসলাম ও সাহাদুল ইসলামকে প্রকাশ্যে পুর্ব পরিকল্পিতভাবে খুন করে। ২০১৭ সালের ২৯ জুলাই লইলো মিয়াকে খুন করে আতিয়ার ও তার লোকজন। এবিষয়ে একটি হত্যা মামলার প্রধান আসামী আতিয়ার রহমান। উক্ত মামলা তুলে নিতে মামলার বাদী আজমাইন হোসেন টুটুলকে হুমকি দেয় আতিয়ার গং। মামলা তুলে না নেয়ায় পুর্ব পরিকল্পিত ভাবে আতিয়ার গং জামিনে থেকে গত ৮/১১/২০২১ ইং তারিখ সকাল ৯ টার সময় জাহারুল ইসলাম ও সাহাদুল ইসলাম দুই ভাইকে কুপিয়ে খুন করে পালিয়ে যায়।

এবিষয়ে গাংনী থানায় দুটি হত্যা মামলা দায়ের হলে ৬৬ জন আসামীর মধ্যে কয়েকজন আসামী গ্রেপ্তার হয়। পরে হাইকোর্ট থেকে ৪ সপ্তাহের জন্য অন্তবর্তীকালিন জামিন নেয় ৫৬ জন। ৪ সপ্তাহের জামিন সময় পার হলে মেহেরপুর নিম্ন আদালতে আত্নসমর্পন করেন তারা। মামলার ৫৬ আসামী বর্তমানে জেলহাজতে রয়েছে।

নিহত জাহারুলের স্ত্রী শেফালী বলেন, আমার স্বামীকে হত্যার পর তারা আমাদের গ্রাম ছেড়ে দেয়ার হুমকি দিচ্ছে । আমরা এখন নিরাপত্তহীনতায় দিন কাটায়। নিহত সাহাদুলের স্ত্রী জামিরন নেছা বলেন, আমার স্বামী ও দুই দেবর কে খুন করে আতিয়ার ও তার লোকজন। যে কোনো সময় আমাদের ওপর আবারও হামলা করতে পারে। আমাদের পরিবারের পর্যায়ক্রমে তিনজনকে একেরপর এক খুন করে তারা গ্রামের বুক উচিয়ে বেড়ায়। এবং তারা আমাদের বংশের কাউকে বাঁচিয়ে রাখবেনা বলেও হুমকি দেয়। আমরা আমাদের পরিবারের লোকজনকে আতিয়ার বাহিনীর হাতে রক্ষা করতে পারছিনা। তারা দুর্ধর্ষ বলে এলকার কেউ তাদের ভয়ে মুখ খূলতে পারেনা। যারা আমাদের পরিবারের তিনজনকে নৃশংসভাবে প্রকাশ্যে হত্যা করেছে তাদের ফাঁসির দাবী করেন নিহতের পরিবারসহ এলাকাবাসী।

গাংনীতে মিষ্টি ভেবে শিশুর বিষপান

ফসলে দেওয়ার জন্য দানা বিষ রেখেছিলেন ঘরে। অবুঝ শিশু ভুল করে ২ বছর বয়সী তামজীদ হোসেন সে বিষ খেয়ে ফেলেছে। এখন তামজিদ হোসেন কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। তামজিদ হোসেন নড়াইল জেলার তারিক হোসেনের ছেলে।

আজ বৃহস্পতিবার (১৩ জানুয়ারী) বেলা আড়াইটার দিকে নানা বাড়ি মেহেরপুরের গাংনী উপজেলার হাফানিয়া গ্রামে এ ঘটনা ঘটে। ঘরের টেবিলের উপর জমিতে দেওয়ার জন্য রাখা দানা বিষ পান করে ফেলে শিশুটি।

মূমূর্ষ অবস্থায় তাকে গাংনী হাসপাতালে নিলে ডাক্তার তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) এমকে রেজা জানান, শিশুটি বিষ খেয়ে ফেলেছে। তার শরীরে এখনও বিষ আছে। এখানে শিশুদের বিষ উঠানোর কোনো ব্যবস্থা নেই। তাই তাকে উন্নত চিকিৎসার জন্য ২৫০ সয্যা বিশিষ্ট কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়ে হয়েছে।

গাংনীতে গাঁজাসহ একজন আটক

মেহেরপুরের গাংনীতে এক কেজি গাঁজাসহ রিপন (৩০) নামের একজনকে আটক করেছে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশ।

বৃহস্পতিবার দুপুর পৌনে ৩ টার দিকে উপজেলার মাইলমারী স্কুল পাড়া থেকে এক কেজি গাঁজাসহ তাকে আটক করা হয়। আটককৃত রিপন উপজেলার লক্ষীনারায়ণপুর ধলা গ্রামের হারেজ উদ্দিনের ছেলে।

ডিবি পুলিশ সূত্রে জানা গেছে, গাংনী উপজেলার মাইলমারী গ্রামের স্কুল পাড়া এলাকা দিয়ে মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী, এস আই (নি:) অজয় কুমার কুন্ডু, এস আই সুলতান মাহমুদসহ মাইলমারী স্কুল পাড়া এলাকায় অভিযান চালিয়ে রিপনকে আটক করেন।

এ সময় তার কাছ থেকে এক কেজি গাঁজা উদ্ধার করা হয়। তাদের বিরুদ্ধে গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু প্রক্রিয়াধীন।

গাংনীতে প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ নিয়ে মহিলা সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুর জেলা তথ্য অফিসের উদ্যোগে গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের মা অভিভাবকদের নিয়ে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (১২ জানুয়ারী) দুপুরে জোড়পুকরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের নবনির্মিত ভবনের চতুর্থতলার হলরুমে আয়োজিত মহিলা সমাবেশে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী।

মহিলা সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন। বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা নিরাপদ খাদ্য অফিসার মো: রিয়াজ আহম্মেদ ও কৃষি বিপনন কর্মকর্তা মো: শরিফুল ইসলাম ও সাংবাদিক জুলফিকার আলী কানন।

মহিলা সমাবেশে করোনা ভাইরাস পরিস্থিতি ও দূর্যোগকালে সরকারের বিভিন্ন পদক্ষেপ ও প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ ব্রান্ডিং, বিভিন্ন ক্ষেত্রে সরকারের অর্জিত সাফল্য ও উন্নয়ন পরিকল্পনা, মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস, ভিসন ২০৪১, এর লক্ষ ও অর্জনসমূহ, মানব পাচার, সন্ত্রাস, মাদক, জঙ্গিবাদ, নাশকতা,

বাল্যবিবাহ ইত্যাদী প্রতিরোধ, নৈতিকতা ও মূল্যবোধ সম্পর্কে সচেতনতা, সামাজিক যোগাযোগ মাধ্যমের সদ্ব্যব্যবহার, পরিবেশ সংরক্ষণ, অটিজম এবং তথ্য অধিকার বিষয়ে আলোচনা করা হয়।

মহিলা সমাবেশে বিদ্যালয়ের বিভিন্ন শ্রেনীর শিক্ষার্থীদের মায়েরা অংশ নেন।

গাংনীতে অনুমতিতে না নিয়ে পুকুর খনন ও জনদূর্ভোগ সৃষ্টির অভিযোগে দু’জনকে ৬৫ হাজার টাকা জরিমানা

জেলা প্রশাসকের অনুমতি ছাড়া পতিত পুকুর খুড়ে মাটি উত্তোলন করায় ও গ্রামীণ রাস্তায় মাটি ফেলে চলাচলের অনুপযোগী করে জনদুর্ভোগ সৃষ্টি করার দায়ে বালু ব্যবসায়ী ও ভাটা মালিককে ৬৫ হাজার টাকা অর্থদন্ড করেছে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

আজ বুধবার (১২ জানুয়ারী) বিকালের দিকে গাংনী উপজেলার ধানখোলাতে এ অভিযান চালিয়ে অর্থদন্ড করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও নাজমুল আলম এ অর্থদন্ড করেন।

দণ্ডিতরা হলেন, ধানখোলা রাস্তার দোয়েল ব্রিকস এর সত্ত্বাধিকারী মোস্তাক আহমেদকে জেলা প্রশাসকের অনুমতি ব্যতীত পতিত পুকুর খুড়ে মাটি উত্তোলন করা ও গ্রামীণ রাস্তায় মাটি ফেলে চলাচলের অনুপযোগী করার দায়ে ৬০ হাজার টাকা ও ধানখোলা বাজারে রাস্তার উপর বালি রেখে জনদুর্ভোগ সৃষ্টি করায় বালু ব্যবসায়ী মোঃ জয়নাল আবেদিনকে ৫ হাজার টাকা জরিমানা করেন।

জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুল আলম জানান, জনস্বার্থে এ অভিযান চালানো হয়েছে। আগামীতেও জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।